গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা
WWW.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৬৩.৩৪.০১০.১৯(অংশ-১)- ৮১৮

তারিখ: ৩১ ভাদ্র, ১৪২৮
১৫ সেপ্টেম্বর, ২০২১

**বিষয়ঃ ঢাকা জেলার দোহার পৌরসভার সীমানা সম্প্রসারণ প্রসঙ্গে।**

ঢাকা জেলার দোহার পৌরসভার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে কতিপয় শহর এলাকাকে নিয়ে পৌর এলাকায় অন্তর্ভুক্তকরণ সংক্রান্ত প্রজ্ঞাপন (এস,আর,ও নং ২৭৪-আইন/২০২১, তারিখঃ ১২/০৮/২০২১) বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় গত ১৭/০৮/২০২১ ইং তারিখে প্রকাশিত হয়েছে **(সংযুক্তি-০১)** এবং সীমানা সংকোচনের লক্ষ্যে কতিপয় শহর এলাকাসমূহকে দোহার পৌরসভার সীমানা বহির্ভূতকরণ সংক্রান্ত প্রজ্ঞাপন (এস,আর,ও নং ২৮৫-আইন/২০২১, তারিখঃ ২২/০৮/২০২১) বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় গত ২২/০৮/২০২১ ইং তারিখে প্রকাশিত হয়েছে **(সংযুক্তি-০২)**। এক্ষণে, ঢাকা জেলার দোহার পৌরসভার উপরোক্ত ০২(দুই) টি গেজেট প্রজ্ঞাপন অনুযায়ী কিছু এলাকা পৌর এলাকা হতে কর্তন করতে হবে এবং কিছু এলাকা পৌর এলাকায় অন্তর্ভুক্ত হবে। ফলে উক্ত পৌরসভার সীমানা নির্ধারণের লক্ষ্যে সংকোচিত ও সম্প্রসারিত এলাকাসমূহ নিয়ে ওয়ার্ড পুনঃগঠন করা প্রয়োজন।

০২। বর্ণিত প্রেক্ষিতে, ঢাকা জেলার দোহার পৌরসভার সীমানা নির্ধারণের জন্য স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ১৫ নং ধারায় প্রদত্ত ক্ষমতাবলে সরকার উপজেলা নির্বাহী অফিসার, দোহারকে সীমানা নির্ধারণ কর্মকর্তা এবং সহকারী কমিশনার (ভূমি) দোহারকে সহকারী সীমানা নির্ধারণ কর্মকর্তা নিয়োগ করল।

০৩। স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর ১৩ ও ১৬ (সংশোধনীসহ) ধারা অনুসরণ করে নিম্নোক্ত ছক মোতাবেক দোহার পৌরসভার সীমানা নির্ধারণের প্রস্তাব (সফট কপি নিকস ফন্টে সিডিসহ) জেলা প্রশাসক, ঢাকা এর মাধ্যমে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**ছক-'ক'**

**পৌরসভার সাধারণ ওয়ার্ড বিভক্তিকরণ (তফসিল)**

জেলা- ............................, উপজেলা- .........................., পৌরসভার নাম-...................

| সাধারণ ওয়ার্ড নম্বর | সাধারণ ওয়ার্ডভুক্ত মৌজার নাম ও জে,এল নম্বর (পূর্ণ/আংশিক উল্লেখ করতে হবে, আংশিক মৌজার ক্ষেত্রে দাগ নম্বরসমূহ) | সংশ্লিষ্ট মৌজার বিপরীতে সাধারণ ওয়ার্ডভুক্ত গ্রাম/পাড়া/ মহল্লার নাম (পূর্ণ/আংশিক উল্লেখ করতে হবে) | সাধারণ ওয়ার্ডের সীমানা/চৌহদ্দি (উত্তরে, দক্ষিণে, পূর্বে ও পশ্চিমের শেষ প্রান্তস্থিত রোড, গলি, মহল্লা, খাল ইত্যাদির বর্ণনা) একটি মানচিত্রে ভিন্ন রং এ ওয়ার্ড চিহ্নিত করতে হবে |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |

**ছক 'খ'**

**পৌরসভার সংরক্ষিত ওয়ার্ড বিভক্তিকরণ (তফসিল)**

জেলা- ............................, উপজেলা- .........................., পৌরসভার নাম-...................

| সংরক্ষিত ওয়ার্ড নম্বর | সংরক্ষিত ওয়ার্ডভুক্ত সাধারণ ওয়ার্ডসমূহের নম্বর | সংরক্ষিত ওয়ার্ডের সীমানা/চৌহদ্দি |
|---|---|---|
| ১ | ২ | ৩ |

**সংযুক্তি:** বর্ণনামতে।

১৫.০৯.২০২১
(মোহাম্মদ ফারুক হোসেন)
উপসচিব
ফোনঃ ৯৫১৪১৪২

বিতরণ (কার্যার্থে):

০১। জেলা প্রশাসক, ঢাকা **(দোহার পৌরসভার সীমানা নির্ধারণের কাজ সম্পন্নকরণের বিষয়ে সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হ'ল)।**
০২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
০৩। উপসচিব, ইউনিয়ন পরিষদ শাখা, স্থানীয় সরকার বিভাগ।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা-দোহার, জেলা- ঢাকা।
০৫। মেয়র, দোহার পৌরসভা, ঢাকা।
০৬। সহকারী কমিশনার (ভূমি), উপজেলা-দোহার, জেলা-ঢাকা।
০৭। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।

D:\All Document\Area Extantion all (Mojid)-1\Letter(Area Extention).doc269

রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ১৭, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**পৌর-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৮ শ্রাবণ, ১৪২৮ বঙ্গাব্দ/১২ আগস্ট, ২০২১ খ্রিষ্টাব্দ

**এস,আর,ও নং ২৭৪-আইন/২০২১।**—যেহেতু সরকার স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ৩ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে ২৮ আষাঢ়, ১৪২৭ বঙ্গাব্দ মোতাবেক ১২ জুলাই, ২০২০ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর, ও নং ২০২-আইন/২০২০ দ্বারা ঢাকা জেলার দোহার উপজেলাধীন দোহার পৌরসভার পৌর এলাকার সীমানা সম্প্রসারণের লক্ষ্যে নিম্ন তফসিলে বর্ণিত পল্লী এলাকাসমূহকে শহর এলাকা ঘোষণা করিয়াছে;

সেহেতু সরকার উক্ত আইনের ধারা ৪ এর উপ-ধারা (৪) এর দফা (গ) এ প্রদত্ত ক্ষমতাবলে ঢাকা জেলার দোহার উপজেলাধীন নিম্ন তফসিলে বর্ণিত শহর এলাকাসমূহকে দোহার পৌরসভার পৌর এলাকার অন্তর্ভুক্ত করিল, যথা :—



মূল্য : টাকা ৪.০০

**তফসিল**

| ক্রমিক নম্বর | ইউনিয়নের নাম | মৌজার নাম | জে, এল, নম্বর | দাগ নম্বর |
|---|---|---|---|---|
| (১) | সুতারপাড়া | ঘাটা | ৬১ | ৩৩৭-৫৮৯, ১০৪৭, ১০৪৯, ১১৩৫-১১৫০, ১১৮৭-১১৮৯, ১৪০৭-১৪০৮, ১৪৭৯-১৬৮০, ১৯১৩-১৯২০, ৩০৭৫-৩০৮০, ৩০৮৩-৩১৫০, ৩৬০১-৪২০৯, ৪২১৭-৪২১৮, ৪২২৬-৪২২৭, ৪৩৬৭, ৪৩৭১-৪৩৯০, ৪৪৯৪-৪৬৬৫। |
| (২) | সুতারপাড়া | সুতারপাড়া | ৬৩ | ২৬০১-২৬৬৯, ২৬৮০-২৬৮৩, ৩২১০-৩২২০, ৩২৭৭-৩৩২৭, ৩৩২৯, ৩৩৩২-৩৩৩৫, ৩৩৭০-৩৩৭৪, ৩৩৭৬-৩৩৭৮, ৪৪২৮-৪৪২৯। |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ফারুক হোসেন**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

সংযুক্তি-02

রেজিস্টার্ড নং ডি এ-১ "জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক"


# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, আগস্ট ২২, ২০২১


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
স্থানীয় সরকার বিভাগ
পৌর-১ শাখা

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৭ ভাদ্র, ১৪২৮ বঙ্গাব্দ/২২ আগস্ট, ২০২১ খ্রিষ্টাব্দ

**এস, আর, ও নং ২৮৫-আইন/২০২১।**—যেহেতু স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ (২০০৯ সনের ৫৮নং আইন), এর ধারা ৪ এর উপ-ধারা (৪) এর দফা (খ) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্ন তফসিলভুক্ত এলাকাসমূহকে ঢাকা জেলার দোহার পৌরসভা হইতে বহির্ভূত করিবার উদ্দেশ্যে পৌরসভার পৌর এলাকার সীমানা পরিবর্তন (সম্প্রসারণ ও সংকোচন) বিধিমালা, ২০১৬, অতঃপর উক্ত বিধিমালা বলিয়া উল্লিখিত, এর বিধি ৭ এর উপ-বিধি (১) এর বিধান মোতাবেক সরকার, দোহার পৌরসভার সীমানা সংকোচন সম্পর্কে উক্ত এলাকার পরিষদের নিকট হইতে পরামর্শ বা আপত্তি আহ্বান করিয়া একটি বিজ্ঞপ্তি জারির জন্য ঢাকা জেলার জেলা প্রশাসককে নির্দেশনা প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ঢাকা জেলার জেলা প্রশাসক উক্ত বিধিমালার বিধি (৭) এর উপ-বিধি (২) ও (৩) এর বিধান অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উপ-বিধি (৪) এর বিধান অনুযায়ী নিম্ন তফসিলভুক্ত এলাকাসমূহকে ঢাকা জেলার দোহার পৌরসভার সীমানা বহির্ভূত করিয়া উক্ত পৌরসভার সীমানা সংকোচন করিবার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনা করিয়া নিম্ন তফসিলভুক্ত এলাকাসমূহকে ঢাকা জেলার দোহার পৌরসভার সীমানা বহির্ভূত করিয়া উক্ত পৌরসভার সীমানা সংকোচন করিবার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;


মূল্য : টাকা ৪.০০

যেহেতু সরকার উক্ত বিধিমালার বিধি ৮ এর উপ-বিধি (৩) এর বিধান অনুযায়ী নিম্ন তফসিলভুক্ত এলাকাসমূহকে ঢাকা জেলার দোহার পৌরসভার সীমানা বহির্ভূত করিয়া উক্ত পৌরসভার সীমানা সংকোচন করিল, যথা :—

তফসিল

| ক্রমিক নম্বর | সাবেক ইউনিয়নের নাম | মৌজার নাম | জে, এল নম্বর | দাগ নম্বর |
|---|---|---|---|---|
| ১. | রাইপাড়া | লটাখোলা মৌজা | ৪৩ | ৭২৬-৮৬৭, ৮৬৯-৮৭০, ৮৭২-১০৫৭, ১৩৫৪-১৩৫৮, ১৩৬০, ১৩৭৫-১৩৮২, ১৩৮৭-১৩৮৯, ১৩৯১-১৩৯৩, ১৩৯৫-১৪০১ |
| ২. | মাহমুদপুর | | | ১-২৯৭, ২৯৯-৫২৩, ২০০১-২৪১৮, ২৪২০-২৪২৫, ২৪২৯-২৫২৭, ২৫৩০-২৫৭৩, ২৫৭৬, ২৮৯৩, ২৮৯৬, ২৮৯৮, ২৮৯৯, ২৯০০-২৯১০, ২৯১২, ২৯১৫-২৯২৪, ২৯২৫, ২৯২৯ |
| ৩. | রাইপাড়া | খালপাড় মৌজা | ৫৮ | ১-২৫৯, ২৬১-৩৭৫, ৫০১-৫০৪, ৫২৯-৫৪১, ৫৫৭-৫৯৩, ৬১৩-৬৭৮, ৬৮০-৮৯২, ১৮১৫-১৮১৮, ২০০১-২০২৩, ২০২৫, ২০২৭-২১৪৭, ২১৫০, ২১৬১, ২১৬৮, ২২৯০, ২২৯১, ২২৯৩, ২২৯৯ |
| ৪. | সুতারপাড়া | সুতারপাড়া মৌজা | ৬৩ | ১-৬৮৫, ৭০৪-১৫৪৭ |
| ৫. | সুতারপাড়া | কাজিরচর মৌজা | ৬২ | ২৮-২৯, ১১৭-১১৮, ১২১-১২২, ১৩৮-১৩৯, ১৪৪, ১৪৬-২৪৬, ২৫০-২৫২, ২৫৬-২৫৮, ২৬১-২৬২, ২৬৪, ২৬৯-২৭০, ২৭৪-২৭৮, ২৯৩-৪৭৬, ৪৭৮-৪৮৩ |
| ৬. | সুতারপাড়া | মধুরচর মৌজা | ৬৮ | ২৪-৪৩৯ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ ফারুক হোসেন**
উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd